গণভোটের দাবি না মানলে কঠোর আন্দোলনের হুঁশিয়ারি নাহিদের



গণভোটের রায় বাস্তবায়নে সরকার ইতিবাচক সাড়া না দিলে কঠোর আন্দোলনে যাওয়ার হুঁশিয়ারি দিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধী দলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম।

শনিবার (৯ মে) রাজধানীর গুলশানের একটি হোটেলে আয়োজিত 'সংস্কারে অচলাবস্থা সমাধানে করণীয় কী' শীর্ষক আলোচনা সভায় তিনি বলেন, নির্বাচনের আগে প্রধানমন্ত্রীসহ বিএনপির শীর্ষ নেতারা প্রকাশ্যে গণভোটের পক্ষে কথা বললেও ক্ষমতায় এসে এখন সেই অবস্থান থেকে সরে গেছে সরকার।

নাহিদ ইসলাম অভিযোগ করেন, জুলাই সনদ বাস্তবায়নেও টালবাহানা করা হচ্ছে। তিনি দ্রুত সাংবিধানিক সংস্কার কাউন্সিল গঠনের দাবি জানিয়ে বলেন, জনগণের প্রত্যাশা উপেক্ষা করে কোনো ধরনের ছলচাতুরী মেনে নেওয়া হবে না।

তিনি আরও বলেন, গণভোটের রায় বাস্তবায়নে সংসদের ভেতরে-বাইরে শান্তিপূর্ণ কর্মসূচি চলবে। তবে সরকার ইতিবাচক উদ্যোগ না নিলে কঠোর আন্দোলনের মাধ্যমে দাবি আদায় করা হবে।

আলোচনা সভায় এনসিপির যুগ্ম আহ্বায়ক জাবেদ রাসিন ও সারোয়ার তুষার, সংরক্ষিত আসনের এমপি ডা. মাহমুদা আলম মিতু, নুসরাত তাবাসসুম, যুগ্ম সদস্য সচিব আলাউদ্দীন মোহাম্মদ ও তারিকুল ইসলামসহ কেন্দ্রীয় নেতারা উপস্থিত ছিলেন।